

অভিনন্দন সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার উজ্জ্বল নক্ষত্রদের।

তারিখঃ ০৫/১২/২০১৯ খ্রিঃ

সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার শ্রেষ্ঠ শিক্ষকবৃন্দদের অন্তরের অন্তঃস্থল থেকে অভিনন্দন জানাই। নির্বাচিত হয়ে গেল উপজেলা ভিত্তিক শ্রেষ্ঠ শিক্ষক বৃন্দের নামের তালিকা-২০১৯খ্রিঃ। শুনে আমি অত্যন্ত আনন্দিত ও গর্বিত। এর পিছনে কারণ হলো যারা শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত হয়েছেন তারা অবশ্যই অবশ্যই যোগ্য নেতৃত্বের অধিকারী সম্মানিত শিক্ষক মহোদয়।

তাদের মধ্যে একজন হলেন ছাতক উপজেলার মল্লিকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক **জনাব নিজাম উদ্দিন স্যার**। যিনি একদিকে কর্মঠ শিক্ষক, আইসিটি দক্ষ জেলার এম্বাসেডর। প্রাথমিক বিদ্যালয়ে আইসিটিসমৃদ্ধ করার জন্য দিন রাত পরিশ্রম করে যাচ্ছেন। অন্যদিকে শিশুদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করে নিজ বিদ্যালয়কে এগিয়ে নিয়ে গেছেন সেরা বিদ্যালয়ের তালিকায়। সম্মানিত হয়েছেন শ্রেষ্ঠ বিদ্যালয়ের অর্জন ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড পেয়ে। অত্যন্ত সহানুভূতিশীল এবং সাহায্যকারী মনোভাব সম্পন্ন একজন শিক্ষক।

আরেক জন হলেন ছাতক উপজেলার রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক সহকারি শিক্ষক **জনাব আবু সালেহ নোমান**। তিনিও একজন আইসিটি দক্ষ জেলার এম্বাসেডর হিসাবে সম্মানিত শিক্ষক। স্কুল জীবন থেকেই তিনি স্কাউট ভালবাসতেন। নিজ বিদ্যালয়ে স্কাউট প্রোগ্রাম চালু রেখেছেন এবং বেশ কয়েক বার আঞ্চলিক ও জাতীয় প্রোগ্রামে অংশগ্রহণ করেছেন। তিনিও পেয়েছেন শ্রেষ্ঠ বিদ্যালয়ের সম্মানিত পুরস্কার ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড। সদা হাসিখুশি, আন্তরিক স্বভাবের মানুষ হলেন জনাব আবু সালেহ নোমান।

অন্য আরেক জন শ্রেষ্ঠ শিক্ষিকা হলেন ছাতক উপজেলার মাখবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সম্মানিত প্রধান শিক্ষিকা **জনাবা পিয়ারা বেগম**। আমার প্রিয় শিক্ষিকা। উনার সংস্পর্শে এসে আমি অনেক উপদেশ পেয়েছি। যা আমার কর্ম জীবনে অনেক কাজে লেগেছে। তিনি অনেক প্রতিকূলতা অতিক্রম করে বিদ্যালয়ের সহযোদ্ধাদের সাথে নিয়ে বিদ্যালয়কে ঢেলে সাজিয়েছেন। আকর্ষিত করেছেন অগ্রগামী বিদ্যালয় হিসাবে ছাতক উপজেলায়। জেলা ও উপজেলা প্রশাসনের সর্বোচ্চ নেতৃত্বের প্রশংসা পেয়েছেন। আন্তরিক মনোভাব, সহানুভূতিশীল এবং অমায়িক একজন মানুষ জনাবা পিয়ারা বেগম। সবার দীর্ঘায়ু ও সুস্থতা কামনা করি।

সর্বশেষে বলতে চাই, উপজেলা প্রশাসনের সম্মানিত কর্মকর্তাবৃন্দ ও উপদেষ্টামণ্ডলী যারা শ্রেষ্ঠ শিক্ষকবৃন্দদের শ্রেষ্ঠত্ব নির্বাচনের দায়িত্ব নিয়েছেন তাদের অনেক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। সঠিক নির্বাচন করে সম্মানিত করেছেন যোগ্য শিক্ষক মহোদয়দের। একরাশ লাল গোলাপ শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন জানাই সকল শ্রেষ্ঠ শিক্ষক মহোদয়দের। এগিয়ে যাক তাদের হাত ধরে ছাতক উপজেলা তথা সুনামগঞ্জ জেলা। সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে তাদের মতো করে আমরা সকল শিক্ষকবৃন্দ স্ব স্ব অবস্থানে থেকে সঠিক কাজ করে এগিয়ে যাব এই প্রত্যাশায় রাখলাম।

রচনায়-

दुलल हलदलर

सहकलरल शलकुकर

कुडनल सरकरलरल डुरलथडलक वलदुडललय

हूतक, सुनलडगङुगल

Email: dhalder785@gmail.com